গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রেঞ্জ ডিআইজি'র কার্যালয়
ময়মনসিংহ।

স্মারক নং-অপারেশনস্/ ১২৮ তারিখ- ২০/১১/২০২৩খ্রি.।

সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ শাহ আবিদ হোসেন বিপিএম (বার), ডিআইজি, বাংলাদেশ পুলিশ, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।
তারিখ ও সময় ঃ ১৪/১১/২০২৩ খ্রি. ১১.০০ ঘটিকা।
স্থান ঃ সভাকক্ষ রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, ময়মনসিংহ।

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। উক্ত সভায় অত্র রেঞ্জের এপিএ ফোকাল পয়েন্ট জনাব মোঃ ফারুক হোসেন, পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, ময়মনসিংহ, রেঞ্জ অফিস ও রেঞ্জাধীন জেলা হতে আগত স্টেকহোল্ডারগণ উপস্থিত ছিলেন। উক্ত সভায় সভাপতি মহোদয় সিটিজেন চার্টার বা নাগরিক সনদ সম্পর্কে আলোচনা করেন। সিটিজেন চার্টার হচ্ছে সরকারি সেবা সম্পর্কে জনগন ও সেবা প্রদানকারীদের মধ্যে এক ধরনের সমঝোতা স্মারক যাতে জনগনের প্রত্যাশা ও সেবা প্রদানকারীদের প্রতিশ্রুতির প্রতিফলন ঘটে। সরকারি খাতের দৃষ্টিকোণ থেকে সিটিজেন চার্টারকে সরকার/সংস্থা/প্রতিষ্ঠানের নির্দিষ্ট একটি ঘোষণাকে বোঝায়, যাতে সেবা প্রদানের সময়সীমা, সেবার সহজলভ্যতা, সেবা গ্রহণের ক্ষেত্রে কোন নাগরিক সংক্ষুব্দ হলে তার প্রতিকার এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য লিপিবদ্ধ থাকে। সভায় উন্মুক্ত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	**সিটিজেন চার্টার প্রদর্শনঃ** জনগণের দৃষ্টিগোচর হয় এমন স্থানে সিটিজেন চার্টার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেবা প্রত্যাশী যাতে তার কাঙ্খিত সেবা পেতে পারে সেই বিষয়ে সকলকে আন্তরিকতা ও পেশাদারিত্বের সাথে কাজ করতে হবে।	জনগণের দৃষ্টিগোচর হয় এমন স্থানে সিটিজেন চার্টার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। হয়রানি বন্ধে সকল উর্দ্ধতন কর্মকর্তার নামা ও মোবাইল নম্বর দৃশ্যমান স্থানে প্রদর্শিত করতে হবে।	রেঞ্জাধীন সকল ইউনিট প্রধানগণ
২	**সিটিজেন চার্টার হালনাগাদকরণঃ** সময়ের পরিপ্রেক্ষিতে নাগরিক সেবার ধরণ, প্রকৃতি ও সেবা প্রদানের প্রক্রিয়া পরিবর্তন হয়ে থাকে। এছাড়া, কোন কর্মকর্তার বদলীর ফলে সিটিজেন চার্টারের নির্ধারিত অংশের পরিবর্তনের প্রয়োজন হয়। সেকারণে, সময়ে সময়ে সিটিজেন চার্টার হালনাগাদ করা প্রয়োজন। সভায় অত্র রেঞ্জাধীন সকল ইউনিটে সিটিজেন চার্টার হালনাগাদের উপর গুরুত্বারোপ করা হয়।	প্রতি কোয়ার্টারে সিটিজেন চার্টার হালনাগাদ করা।	রেঞ্জাধীন সকল ইউনিট প্রধানগণ
৩	**প্রশিক্ষণ ও অবহিতকরণ সভা আয়োজনঃ** ২০২৩-২০২৪ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৪টি প্রশিক্ষণ ও অংশীজনের সাথে ২টি অবহিতকরণ সভা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। এছাড়া, সকল ইউনিটের সিটিজেন চার্টার বিষয়ক প্রশিক্ষণ ও অবহিতকরণ সভা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিয়য়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	২০২৩-২০২৪ অর্থ বছরে সিটিজেন চার্টার বিষয়ক প্রশিক্ষণ ও অবহিতকরণ সভা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।	রেঞ্জাধীন সকল ইউনিট প্রধানগণ

সভায় আলোচনার জন্য আর কোন গুরুত্বপূর্ণ বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২০/১১/২৩

(মোঃ শাহ আবিদ হোসেন, বিপিএম-বার)
বিপি-৭১০১০৩১২৪৮
ডিআইজি
ময়মনসিংহ রেঞ্জ
বাংলাদেশ পুলিশ, ময়মনসিংহ।
ফোন-০২-৯৯৬৬৭১০৯৯, ফ্যাক্স-০২-৯৯৬৬৭১১০৩।

কার্যার্থেঃ

পুলিশ সুপার
ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর জেলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রেঞ্জ ডিআইজি'র কার্যালয়
ময়মনসিংহ।

স্মারক নং-অপারেশনস/ ৮২৮ তারিখ- ২০/১১/২০২৩খ্রি.।

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) উপস্থিতি সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ শাহ আবিদ হোসেন, বিপিএম (বার), ডিআইজি, বাংলাদেশ পুলিশ, ময়মনসিংহ রেঞ্জ।
তারিখ ও সময় ঃ ১৪/১১/২০২৩ খ্রি. ১১.০০ ঘটিকা।
স্থান ঃ সম্মেলন কক্ষ রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, ময়মনসিংহ।

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। উক্ত সভায় জনাব সৈয়দ আবু সায়েম, বিপিএম, অতিরিক্ত ডিআইজ (ক্রাইম ম্যানেজমেন্ট এন্ড অপারেশনস্), বাংলাদেশ পুলিশ, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ, জনাব খোন্দকার নজমুল হাসান, পিপিএম (বার), পুলিশ সুপার (অপারেশনস্), অতিরিক্ত ডিআইজি পদে পদোন্নতিপ্রাপ্ত, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ, জনাব মোঃ ফারুক হোসেন, পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), রেঞ্জাধীন জেলা ও বিভিন্ন ইউনিটের পুলিশ সুপারগণ এবং অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম ম্যানেজমেন্ট), সিনিয়র সহকারী পুলিশ সুপার, স্টাফ অফিসার-টু-ডিআইজি, রেঞ্জ কার্যালয় ময়মনসিংহ, রেঞ্জ অফিসে কর্মমরত অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভাপতি মহোদয় স্বাগত বক্তব্যে বলেন, রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে সুখী সমৃদ্ধ সোনার বাংলা গড়াই শুদ্ধাচার চর্চার একমাত্র উদ্দেশ্য। সুশাসন প্রতিষ্ঠার অন্যতম শর্ত হলো স্বচ্ছতা, জবাবদিহিতা ও পেশাদারিত্বের মাধ্যমে নাগরিকগনের কাঙ্খিত সেবা সহজে ও দ্রুত সময়ের মধ্যে পেতে পারে তা নিশ্চিত করা।

সভায় উন্মুক্ত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	শুদ্ধাচার প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধের ক্ষেত্রে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান যেমন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তেমনি পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান, রাজনৈতিক দল, গণমাধ্যম ও সুশীল সমাজ এবং বেসরকারী প্রতিষ্ঠান সমূহের ভূমিকাও অধিক গুরুত্বপূর্ণ। সুশাসনের জন্য আবশ্যিকভাবে দরকার সু-নাগরিক। সু-নাগরিক হতে হলে পরিবার থেকেই শুদ্ধাচার চর্চা শুরু করা জরুরী।	পুলিশের বিভিন্ন সভায় (কল্যাণ সভা, অপরাধ সভা ইত্যাদি) এবং নিয়মিত রোলকলে শুদ্ধাচারের বিষয়ে পুলিশ সদস্যদেরকে ব্রিফ করা। পুলিশের বিভিন্ন সমাবেশে (বিট পুলিশিং, কমিউনিটি পুলিশিং, ওপেন হাউস ডে, জঙ্গী ও মাদক বিরোধী সমাবেশ ইত্যাদি) শুদ্ধাচার বিষয়ে আলোচনা করা।	রেঞ্জ অফিসের কর্মকর্তা/রেঞ্জাধীন জেলার পুলিশ সুপারগণ।
০২	২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্য অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী ওয়েবপোর্টালেরর নির্ধারিত শুদ্ধাচার কৌশল বক্সে আপলোড নিশ্চিতের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	অংশীজনের অংশগ্রহণে নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী ওয়েবপোর্টালের নির্ধারিত শুদ্ধাচার কৌশল বক্সে আপলোড নিশ্চিত করতে হবে।	রেঞ্জ অফিসের কর্মকর্তা/রেঞ্জাধীন জেলার পুলিশ সুপারগণ।
০৩	যেসকল ইউনিটের ওয়েবপোর্টাল আপডেট নাই সেসকল ইউনিটকে দ্রুত ওয়েবপোর্টাল আপডেট করতে হবে।	ওয়েবসাইটে বিশেষ করে কর্মচারীদের তথ্য, শুদ্ধাচার সেবাবক্স, সিটিজেন চার্টার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স ও তথ্য অধিকার সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।	রেঞ্জ অফিসের আইসিটি শাখা/ রেঞ্জাধীন জেলার পুলিশ সুপারগণ।

২০/১১/২৩

(মোঃ শাহ আবিদ হোসেন, বিপিএম-বার)
বিপি-৭১০১০৩১২৪৮
ডিআইজি
ময়মনসিংহ রেঞ্জ
বাংলাদেশ পুলিশ, ময়মনসিংহ।
ফোন-০২-৯৯৬৬৭১০৯৯, ফ্যাক্স-০২-৯৯৬৬৭:১০৩।